

আইসেক্সো ডেস্ক

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) এর চলমান কার্যক্রমসমূহঃ

ক্রম	কার্যক্রমের শিরোনাম	মন্তব্য
০১	করোনাকালীন শিক্ষা ব্যবস্থা অব্যাহত রাখতে মিস্ক ফাউন্ডেশনের আর্থিক সহযোগিতায় ইসলামিক বিশ্ব শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (আইসেক্সো) কর্তৃক বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) কে আর্থিক অনুদান প্রদান।	বর্তমান বৈশ্বিক অতিমারি পরিস্থিতিতে করোনা ভাইরাস মোকাবেলায় বাংলাদেশে শিখন ও শিক্ষণ প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে সহায়তা প্রদানের লক্ষ্যে দূর শিক্ষণ উপকরণ সরবরাহ করার জন্য আইসেক্সো ও মিস্ক ফাউন্ডেশন যৌথভাবে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন-কে অডিও-ভিজুয়াল শিক্ষা উপকরণ ক্রয়ের নিমিত্ত চল্লিশ হাজার মার্কিন ডলার আর্থিক সহায়তা প্রদান করেছে। এই কার্যক্রমের অধীনে শিক্ষা উপকরণ ক্রয় ও বিতরণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।
০২	করোনা মোকাবেলায় "Medical and Socio-educational caravans - Case of the Coronavirus" শীর্ষক প্রোগ্রামের আওতায় "Hygiene products -Products of medical kits" ক্রয় ও বিতরণের নিমিত্তে আইসেক্সো কর্তৃক বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনকে আর্থিক অনুদান প্রদান।	ইসলামিক বিশ্ব শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (আইসেক্সো) বাংলাদেশের বর্তমান করোনা ভাইরাস মোকাবেলায় সহযোগিতা প্রদানের নিমিত্তে "Medical and Socio-educational caravans - Case of the Coronavirus" শীর্ষক প্রোগ্রামের আওতায় Hygiene products -Products of medical kits সাধারণ জনগণের মধ্যে বিতরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বিএনসিইউকে অনুরোধ জানিয়ে পচিশ হাজার মার্কিন ডলার আর্থিক সহায়তা প্রদান করেছে। এই কার্যক্রমের অধীনে স্বাস্থ্য উপকরণ ক্রয় ও বিতরণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।

ক্রম	কার্যক্রমের শিরোনাম	মন্তব্য
০৩	আইসেকোর বার্ষিক চাঁদা ২০২০	আইসেকোর সদস্য রাষ্ট্র হিসেবে প্রতি বছর বাংলাদেশকে নির্ধারিত হারে চাঁদা প্রদান করতে হয়। ২০২০ সালের চাঁদা প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।
০৪	১৯৮৩ সাল থেকে অদ্যাবধি আইসেকো ডেকের উল্লেখযোগ্য কার্যক্রমসমূহের রিপোর্ট প্রস্তুতকরণ	নথি পাঠ ও যাচাই বাছাই এর মাধ্যমে রিপোর্ট প্রস্তুতির কাজ চলমান
০৫	সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণিবিন্যাসকরণ	নথি পাঠ ও যাচাই বাছাই এর মাধ্যমে নথির শ্রেণিবিন্যাসকরণ চলমান
০৬	আইসেকো ও অন্যান্য দপ্তর থেকে প্রাপ্ত ইমেইল চেক করা	নিয়মিতভাবে বিভিন্ন সংস্থ/দপ্তর থেকে প্রাপ্ত ইমেইল চেক করা ,উত্তর প্রদান ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়া চলমান